ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ
পরিচালক (এসটিএন্ডটিওটি)
ও
কোর্স পরিচালক
এফিসিয়েন্সি এনহেন্সমেন্ট কোর্স (ইইসি)

উপানুষ্ঠানিক পত্র সংখ্যা ঃ বিপিএটিসি/এসটিএন্ডটিওটি/১ম ইইসি/২০১০-২ তারিখ ঃ ১৩-০৪-২০১০ খ্রিঃ।

প্রিয় ....

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে আগামী ২৫ এপ্রিল ২০১০ থেকে ২৪ মে ২০১০ পর্যন্ত অনুষ্ঠেয় ১ (এক) মাস মেয়াদি এফিসিয়েন্সি এনহেন্সমেন্ট কোর্সে (ইইসি) মনোনয়ন লাভ করায় আপনাকে অভিনন্দন জনাচ্ছি।

২. বাংলাদেশের সার্বিক উন্নয়নে নিয়োজিত একজন কর্মকর্তা হিসেবে আপনাকে সময়োপযোগী করে গড়ে তোলার লক্ষ্য নিয়ে কোর্সটি সাজানো হয়েছে। প্রশিক্ষণ পাঠ্যক্রমে উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনার বিবর্তন ও কলাকৌশলের পাশাপাশি জাতীয়, আন্তর্জাতিক ও বিশ্বায়ন প্রসঙ্গে বিবিধ তাত্ত্বিক এবং প্রায়োগিক বিষয়াবলী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩. কোর্সটি সফলভাবে সমাপ্তির জন্য নিচের কয়েকটি বিষয়ের প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করছি ঃ

৩.১ এ কোর্সে অংশগ্রহণ করার জন্য আপনাকে ২৪ এপ্রিল ২০১০ তারিখ সন্ধ্যা ০৭ঃ০০ টার মধ্যে কেন্দ্রে উপস্থিত হতে হবে। অন্য কোন রকম অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি না হলে ঐদিন কেন্দ্রের নামাঙ্কিত একটি বাস বিকেল ৪ঃ৩০ টায় ঢাকার শাহবাগস্থ জাতীয় জাদুঘরের সম্মুখ থেকে কেন্দ্রের উদ্দেশ্যে ছেড়ে আসবে। আপনি নির্ধারিত ভাড়া প্রদান করে ঐ গাড়ীতে কেন্দ্রে আসতে পারেন।

৩.২ কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং প্রশিক্ষণ চলাকালে কেন্দ্রের ডরমিটরীতে অবস্থান বাধ্যতামুলক। সতীর্থ প্রশিক্ষণার্থীদের সাথে অভিজ্ঞতা বিনিময়, সম্প্রীতি ও বন্ধুত্ব গড়া, শরীরচর্চা ও খেলাধূলা কার্যক্রম, সান্ধ্যকালীন অধিবেশন এবং দলীয় আলোচনায় সক্রিয় অংশগ্রহণের জন্য এ নীতি গ্রহণ করা হয়েছে। আশা করি কোর্সে যোগদানের পূর্বে আপনি এ ব্যাপারে পুরোপুরি মানসিক প্রস্তুতি নিয়ে আসবেন। আপনার জন্য কেন্দ্রের ডরমিটরিতে একটি সীট বরাদ্দ রয়েছে। তাতে খাট, তোষক, বালিশ ও বিছানার চাদর দেয়া আছে। তবে আপনাকে ব্যক্তিগত ব্যবহার্য প্রয়োজনীয় আনুষঙ্গিক সামগ্রী সাথে আনতে হবে।

৩.৩ কেন্দ্রের ঐতিহ্য অনুযায়ী পুরুষ প্রশিক্ষণার্থীদের হালকা রং এর ফুল স্লিভ শার্ট, ফুলপ্যান্ট ও কেন্দ্রের নির্ধারিত টাই এবং মহিলা প্রশিক্ষণার্থীদের মার্জিত রুচির শাড়ী/সালোয়ার-কামিজ পরে প্রশিক্ষণ অধিবেশনসহ সকল আনুষ্ঠানিক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে। তবে, প্রশিক্ষণ অধিবেশনসহ সকল আনুষ্ঠানিক অধিবেশনে অংশগ্রহণের সময় মহিলা প্রশিক্ষণার্থীদেরকে শাড়ী পরে আসার জন্য উৎসাহিত করা হয়েছে। যে সব পুরুষ প্রশিক্ষণার্থী ধর্মীয় কারণে টাই পরতে অসুবিধা বোধ করবেন, তারা শেরওয়ানি পরতে পারবেন। শরীরচর্চা ও খেলাধূলায় অংশগ্রহণের জন্য পৃথক পোশাকের প্রয়োজন হবে। পুরুষ প্রশিক্ষণার্থীগণ সাদা ইংলিশ হাফপ্যান্ট/ট্র্যাক স্যুট ও কলারসহ সাদা টি-শার্ট এবং সাদা কেড্স ও সাদা মোজা ব্যবহার করবেন। মহিলা প্রশিক্ষণার্থীগণ সাদা সালোয়ার কামিজ, সাদা কেড্স ও সাদা মোজা ব্যবহার করবেন। প্রশিক্ষণের প্রথম দিন থেকেই উল্লিখিত পোশাকাদি প্রয়োজন হবে বিধায় এগুলো আগে থেকেই সংগ্রহ করে আনতে হবে।

৩.৪ প্রশিক্ষণকালে কোন ছুটি দেয়া হবে না। তাই কর্মস্থল ত্যাগের পূর্বে মাসের বেতন বিল স্বাক্ষর করে কর্মস্থলে জমা দিয়ে আসবেন যাতে আপনার বেতন আহরণে কোন অসুবিধা না হয়।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৩.৫ কোর্সের রেজিস্ট্রেশন ফরমসহ বিভিন্ন ফরমের জন্য ৪ (চার) প্রস্থ পাসপোর্ট সাইজ ও ৪ (চার) প্রস্থ স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি জমা দিতে হবে।

৪. বিপিএটিসিতে ইতোমধ্যে 'কিন্ডারল্যান্ড' নামক একটি শিশু পরিচর্যা কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ শিশু পরিচর্যাকারী ও সুপারভাইজার এই কেন্দ্রে শিশুদের পরিচর্যা ও দেখাশুনা করে থাকেন । যে সব মহিলা প্রশিক্ষণার্থীদের ১ (এক) বছর থেকে ৩ (তিন) বছর বয়সী শিশু রয়েছে তারা মাসিক ২৫০০/- থেকে ৩০০০/- টাকা প্রদান সাপেক্ষে সকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত তাদের শিশুকে এ পরিচর্যা কেন্দ্রে রাখতে পারেন। রাতে শিশুরা তাদের মায়ের সাথে ডরমিটরীতে অবস্থান করতে পারবে।

৫. শেষ করার আগে নিম্নোক্ত জরুরী বিষয়ের প্রতি পুনরায় আপনার মনোযোগ আকর্ষণ করছি ঃ

- এপ্রিল ২৪, ২০১০ শনিবার শাহবাগস্থ জাতীয় জাদুঘরের সম্মুখ থেকে কেন্দ্রের একটি বাস বিকেল ৪ঃ৩০ টায় বিপিএটিসির উদ্দেশ্যে ছেড়ে আসবে। আপনি নির্ধারিত ভাড়া প্রদান করে এ সুবিধা গ্রহণ করতে পারেন।
- এপ্রিল ২৪, ২০১০ শনিবার সন্ধ্যা ৭ঃ০০ টার মধ্যে আপনাকে অবশ্যই বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসিতে) যোগদান করতে হবে এবং রাত ৮ঃ৩০ টায় কোর্স সম্পর্কিত একটি ব্রিফিং অধিবেশনে অংশগ্রহণ করতে হবে। ঐদিন রাত ১০ঃ০০ টা পর্যন্ত কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় আপনার জন্য খাবারের ব্যবস্থা থাকবে।
- এপ্রিল ২৪, ২০১০ শনিবার বিপিএটিসিতে পৌঁছে ডরমিটরিতে সীট বরাদ্দ নেবেন। এরপর সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কের কাছে আপনার নাম নিবন্ধন করবেন।
- নিবন্ধন ও অন্যান্য প্রয়োজনে আপনি ৪ (চার) প্রস্থ পাসপোর্ট ও ৪ (চার) প্রস্থ স্ট্যাম্প সাইজ রঙ্গিন ছবি আনবেন।
- কেন্দ্রে আগমনের পূর্বেই আপনার কর্মস্থল থেকে বেতন প্রাপ্তির অগ্রিম ব্যবস্থা গ্রহণ করে আসবেন।
- প্রয়োজনীয় কাগজ-কলম, কাপড়-চোপড় ও অন্যান্য নিত্যব্যবহার্য সামগ্রী অবশ্যই সঙ্গে আনবেন।
- যদি কোন মহিলা প্রশিক্ষণার্থী ১ (এক) থেকে ৩ (তিন) বছর বয়সী শিশুসহ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহী হন তবে তাকে প্রশিক্ষণ চলাকালে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়ম অনুসারে শিশুকে আবশ্যিকভাবে শিশু পরিচর্যা কেন্দ্র 'কিন্ডারল্যান্ড' -এ রাখতে হবে এবং এ বিষয়ে পূর্ব প্রস্তুতির জন্য আগ্রহের বিষয়টি কোর্সে যোগদাদের পূর্বেই কোর্স সমন্বয়ক মোঃ মোরশেদ আলমকে (ফোন নং ০১৫৫২৬০২০৫৬) অবহিত করবেন।

৬. এছাড়াও কোর্সের প্রয়োজনীয় তথ্যাদি বিপিএটিসির ওয়েবসাইট **www.bpatc.org.bd** থেকে সংগ্রহ করতে পারবেন।

আশা করি ঢাকা থেকে ২৮ কিলোমিটার দূরে ঢাকা-আরিচা মহাসড়কের পাশে সবুজের নৈসর্গমন্ডিত প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর কেন্দ্রের মনোরম পরিবেশে অন্যান্য সহকর্মীদের সান্নিধ্যে আপনার সময় আনন্দে কাটবে। আপনার অপার আগ্রহ ও আন্তরিক সহযোগিতায় এ কোর্সটি ফলপ্রসূভাবে সুসম্পন্ন হবে এটাই আমাদের ঐকান্তিক প্রত্যাশা। কেন্দ্রে আপনাকে সাদর অভ্যর্থনা জানানোর প্রতীক্ষায় রইলাম।

আন্তরিকভাবে আপনার,

(ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)
কোর্স পরিচালক
ফোন ঃ ৭৭১১৬১১

প্রাপক ঃ

জনাব এ,জে,এম, আবদুল্যাহেল বাকী
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল।